

বিষমিল্লাহির রাহমানির রাহীম

০১. সময়ের শপথ!

মানুষ অবশ্যই বিপদগ্রস্থ! তারা ছাড়া, যারা বিশ্বাসী ও সৎকর্মশীল। যারা (সজ্জবদ্ধভাবে) পরস্পরকে সত্যের পথে চলতে এবং সবরে উদ্বুদ্ধ করে।

—আসর : ১-৩

০২. আমি মানুষকে কষ্ট ও পরিশ্রমনির্ভর করে সৃষ্টি করেছি। ... আমি তাকে দুটি পথ দেখিয়েছি। কিন্তু সে ধর্মের দুর্গে প্রবেশ করে নি। ধর্মের দুর্গ হচ্ছে দাসমুক্তি, দুর্ভিক্ষের দিনে অনুদান, নিকটবর্তী এতিম বা ধূলিমলিন মিসকিন-অসহায়কে লালন এবং বিশ্বাসীদের সাথে সজ্জবদ্ধ হয়ে পরস্পরকে সবার ও বিশ্বজ্ঞানী মমতায় উদ্বুদ্ধ করা। এরাই সফলকাম। আর যারা এ নির্দেশ অস্বীকার করে তারাই ব্যর্থ।

—বালাদ : ৪, ১০-১৯

০৩. সে ব্যক্তিই উত্তম যে মানুষকে আল্লাহর পথে ডাকে, সৎকর্ম করে এবং ঘোষণা করে যে, আমি আল্লাহতে সমর্পিতদের একজন।

—হামীম : ৩৩

০৪. নিশ্চয়ই কষ্টের পরে রয়েছে স্বস্তি ও সাফল্য। অতএব নিশ্চিত মনে পরিশ্রম করুন। আপনার প্রতিপালকের মহিমা স্মরণ করুন।

—ইনশিরাহ : ৬-৮

০৫. সৎকর্মশীলরা আল্লাহ ও প্রতিদান দিবসে বিশ্বাস করে, সৎকর্মে উৎসাহিত করে, অসৎ কর্মে নিরুৎসাহিত করে এবং সাধ্যমতো সৎকর্ম করে।

—আলে-ইমরান : ১১৪

০৬. তোমরা আল্লাহর ইবাদত কর। তার সাথে কাউকে শরীক করো না। আর মা-বাবা, আত্মীয়-স্বজন, এতিম, গরীব-মিসকিন, প্রতিবেশী সঙ্গী-সাথী, পথচারী ও অধীনস্থদের উপকার কর।

—নিসা : ৩৬

০৭. বিশ্বাসী হয়ে সৎকর্মে নিয়োজিত হলে তার প্রতিটি প্রয়াস আমি লিখে রাখি এবং সে তার প্রয়াসের প্রতিদান পাবে।

—আখিয়া : ৯৪

০৮. কেউ সালাম দিলে আরো বিনয়ের সাথে সালামের জবাব দাও।

—নিসা : ৮৬

০৯. তোমাদের ছোট-বড় প্রতিটি সৎকাজ সম্পর্কে আল্লাহ অবহিত।

—নিসা : ১২৭

১০. বিশ্বাসী ও সৎকর্মশীলরা সৃষ্টির সেরা।

—বাইয়েনাত : ৭

১১. অন্যের ব্যাপারে আন্দাজ করা থেকে বিরত থাকো। ভ্রান্ত আন্দাজ গোনাহের কাজ। অন্যের ব্যক্তিগত ব্যাপারে গোয়েন্দাগিরি করো না। গীবত করো না। গীবত মৃত ভাইয়ের মাংস খাওয়ার সমান।

—হুজরাত : ১২

১২. একটি ভালো কথা এমন একটি ভালো গাছের মতো, যার শিকড় রয়েছে মাটির গভীরে আর শাখা-প্রশাখার বিস্তার দিগন্তব্যাপী, যা সারা বছর ফল দিয়ে যায়।

—ইবরাহিম : ২৪

১৩. মানুষের সাথে ভালো কথা বল, সুন্দর কথা বল।

—বাকার : ৮৩

১৪. সত্যপথের অনুসরণকারীর জন্যে শান্তি ও নিরাপত্তা।

—ভায়া : ৪৭

১৫. যারা বিশ্বাসী ও সৎকর্মশীল তাদের জন্যে রয়েছে আল্লাহর ক্ষমা ও সুমহান প্রতিদান।

—ফাতাহ : ২৯

১৬. তোমরা কাউকে উপহাস করো না, বিকৃত নামে ডেকো না।

—হুজরাত : ১১

১৭. যারা ওজনে কম দেয় তাদের জন্যে অপেক্ষা করছে দুর্ভোগ।

—তাওফিক : ১

১৮. আত্মীয়-স্বজনদের হক আদায় কর। অভাবী ও পথচারীদের সাহায্য কর। অপব্যয় করো না।

—বনী ইসরাইল : ২৬

১৯. উপদেশ দান করুন। সচেতন ব্যক্তি তা গ্রহণ করবে। অসচেতন ব্যক্তি তা উপেক্ষা করবে।

—আ'লা : ৯-১১

২০. বিশ্বাসীরা অন্তরে পবিত্র, নামাজে বিনম্র, অনর্থক আলাপ-আড্ডা থেকে বিরত, যৌনতায় সংযমী এবং আমানত ও অঙ্গীকার সম্পর্কে সতর্ক থাকে।

—মুমিনুন : ১-৮

২১. প্রত্যেকের কাজ অনুসারেই তার পদমর্যাদা নির্ধারিত হবে।

—আনআম : ১৩২

২২. মানুষ অস্থিরচিত্ত। অনিষ্ট স্পর্শ করলে সে হাছতাশ করে আর সৌভাগ্য এলে স্বার্থপর কৃপণ হয়ে যায়।

—মআরিজ : ১৯-২১

২৩. যারা পৃথিবীতে অশান্তি সৃষ্টি করে তাদের জন্যে অপেক্ষা করছে ভয়ংকর পরিণতি।

—রাদ : ২৫

২৪. যারা পৃথিবীতে সৎকাজ করে, তাদের জন্যে উত্তম পুরস্কার রয়েছে।

—জুমার : ১০

২৫. বিভবান বা বিভীন- প্রত্যেকেই যেন সামর্থ্য অনুসারে দান করে। আল্লাহ কাউকেই তার সামর্থ্যের অতিরিক্ত বোঝা চাপান না। অভাবের পর আল্লাহই সচ্ছলতা দান করেন।

—তালাক : ৭

২৬. নিশ্চয়ই বিশ্বাসী নর-নারীর সৎকর্মের পুরস্কার সমান।

—নিসা : ১২৪

২৭. দুরাচারী ব্যক্তির যেকোনো তথ্য আগে যাচাই করে নেবে। তা হলে ভুল বশত অন্যের ক্ষতি করে অনুতপ্ত হওয়া থেকে রক্ষা পাবে।

—হুজরাত : ৬

২৮. যারা তওবা করে, বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্ম করে আল্লাহ তাদের পাপ মোচন করে তা পুণ্য দ্বারা ছেয়ে দেবেন। আল্লাহ ক্ষমাশীল ও পরম দয়ালু।

—ফোরকান : ৭০

২৯. প্রকাশ্যে বা গোপনে সৎকাজ কর ও অন্যকে ক্ষমা কর। আল্লাহ ক্ষমাশীল এবং সর্বশক্তিমান।

—নিসা : ১৪৯

৩০. সৎ দান এমন একটি শস্যবীজ, যাতে উৎপন্ন হয় ৭টি শীষ আর প্রতিটি শীষে থাকে শত শস্যদানা। আল্লাহ যাকে চান তাকে বহুগুণ প্রবৃদ্ধি দান করুন।

—বাকার : ২৬১

৩১. নিজের পছন্দনীয় ভালো জিনিস থেকে দান না করা পর্যন্ত তোমরা প্রকৃত কল্যাণ লাভ করতে পারবে না। তোমরা যা দান করেছো আল্লাহ তা দেখছেন।

—আলে-ইমরান : ৯২

৩২. কাউকে দান করে খোঁটা দিয়ে কষ্ট দেয়ার চেয়ে তার সাথে শুধু মিষ্টি কথা বলা অনেক ভালো।

—বাকার : ২৬৩

৩৩. আল্লাহ বিশ্বাসী ও সৎকর্মশীলদের দোয়া কবুল করেন ও তাদের প্রতি অনুগ্রহের হাত বাড়িয়ে দেন।

—ভুরা : ২৬

৩৪. প্রতিপত্তি, সম্পদ ও সন্তান যেন তোমাদের আল্লাহর পথ থেকে গাফেল না করে। আমি যে জীবন-উপকরণ দিয়েছি মৃত্যু আসার আগেই তা থেকে সৎকাজে ব্যয় কর। তা না হলে মৃত্যুর মুখোমুখি হলে তুমি বলবে- হে আমার প্রতিপালক! আমাকে আরো কিছুকাল সময় দিলে না কেন? তাহলে আমি সৎকর্ম করতাম ও সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত হতাম। কিন্তু তোমাদের তখন আর কোনো সময় দেয়া হবে না।

—মুনাফিকুন : ৯-১১

সৎকর্মের পথে

সৃষ্টির সম্ভাব্য লক্ষ্যে নিজের ও অন্যের কল্যাণে করা প্রতিটি কাজ সৎকর্ম বা আমলে সালাহ বা সাদাকা। প্রতিটি কল্যাণকর চিন্তা কথা আচরণ ও কাজ সৎকর্ম। মানুষের দুর্দশা লাঘবের চেষ্টারত থাকাকে নবীজী (স.) এতেকাফের চেয়েও বেশি সওয়াবের বলে উল্লেখ করেছেন। কারণ সৎকর্ম মানুষকে দুর্দশার শৃঙ্খল মুক্ত করে, জীবনকে সার্থক করে।

নবীজীর (স.) সমগ্র জীবন সৎকর্ম আমলে সালাহ বা সাদাকার পরিপূর্ণ উদাহরণ। সহীহ হাদীস অনুসারে মা-বাবার আন্তরিক খেদমত, পরিবারের ভরণপোষণ, স্ত্রী/স্বামী-সন্তানের সাথে সুন্দর ব্যবহার, আত্মীয়-স্বজন-প্রতিবেশীদের সাহায্য-সহযোগিতা, এতিম-মিসকিন, বিধবা ও অসহায়ের

লালন-পালন, রোগীর সেবা ও তার জন্যে দোয়া করা সৎকর্ম।

অর্থনৈতিক বা সামাজিক পরিবেশের শিকার অসহায় মানুষকে পরিবেশের বন্দিত্ব থেকে মুক্ত করা, অত্যাচারিতকে সাহায্য করা, প্রাকৃতিক বিপর্যয়ে ভ্রাণ কাজ, প্রকাশ্যে বা গোপনে অর্থ দান, ভূষিতকে পানি পান করানো, পথ থেকে পথিকের জন্যে ক্ষতিকর প্রতিটি বস্তু অপসারণ, পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, গাছ লাগানো ও অধীনস্থদের সাথে মানবিক আচরণ করা সৎকর্ম।

জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে অর্থ বা শ্রম দিয়ে কাউকে অক্ষর জ্ঞান দান করা, অবিদ্যা নাশে সত্যিকারের জ্ঞানে আলোকিত করা, সমস্যা সমাধানে সৎ পরামর্শ দেয়া, হাসিমুখে সুন্দর কথা বলা, আগে সালাম দেয়া অসংখ্য সৎকর্মের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য।

আর সৎকর্মের জন্যে প্রয়োজন সংসজ্জ। সজ্জ ছাড়া সৎকর্ম জারি রাখা যায় না। সৎকর্মশীলদের সজ্জবদ্ধ হওয়ার গুরুত্ব প্রসঙ্গে নবীজী (স.) স্পষ্ট করে বলেছেন, সজ্জের সাথে আল্লাহর রহমত থাকে, যে বিচ্ছিন্ন হয় সে-ই দোজখে নিক্ষিপ্ত হয়। পরম করুণাময় আমাদের সবাইকে সৎ চিন্তা, সৎকর্ম ও সংসজ্জে আত্মলীন হওয়ার তওফিক দিন। আমীন!



কোয়ান্টাম ফাউন্ডেশন
Quantum Foundation

কেন্দ্রীয় দফতর : ১১৯/পি শান্তিনগর, ঢাকা-১২১৭।
ফোন : ৯৩৪১৪৪১, ৮৩১৯৩৭৭, ০১৭১১-৬৭১৮৫৮
চট্টগ্রাম : ০৩১-৬৫৩৬৮৮, ০১৭১১-৩৯৩০১০
সিলেট : ০৮২১-৭১১৬১২, ০১৭১১-২৮০৬৫২
রাজশাহী : ০৭২১-৭৭১৫৫০, ০১৭১১-১০৪২৮৯
মিরপুর : ৮০৬১০৭৫, ০১৭১৭-১৪৪৭২৪
লামা সেন্টার ও কোয়ান্টাম শিশুকানন :
০১৭১৪-০৯৪২৭১, ০৪৪৩৪-৪৯৩৯৮৮
E-Mail : info@quantummethord.org.bd
Web Site : www.quantummethord.org

কোরআন কণিকা-২

সৎকর্ম

(আমলে সালাহ)

(মর্মবাণী)